*"শিক্ষা নিয়ে গড়ব দেশ*
*শেখ হাসিনার বাংলাদেশ"*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.১১.০০১.২২-৭৫

তারিখ: ২১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ৩১/০৫/২০২২ খ্রি. তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৪৯৭.২০২২-১১৭ নং স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন 'বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ' এর নন-ক্যাডারভুক্ত ওয়ার্কশপ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (সিভিল) পদে সাময়িকভাবে সুপারিশকৃত নিয়োক্ত প্রার্থীকে তার নামের পাশে উল্লিখিত পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে ২২০০০-৫৩০৬০/- টাকা বেতনক্রমে (৯ম গ্রেড) নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

**শর্তাবলী:**

(ক) যোগদানের পর তাকে সরকারি আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও বুনিয়াদি প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় পাশ ও বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) তাকে ০২ (দুই) বছরকাল শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে; শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লিখিত শর্ত সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে সরকারি বিধি মোতাবেক চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণ/ অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ অঙ্গীকারনামা দাখিল করে তাকে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(ঙ) তিনি যদি চাকরিতে ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তাহলে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সুপারিশকৃত ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) পরবর্তীতে যে কোন সময় প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোন ক্ষেত্রে যেমন-যাচিত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(জ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঠ) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে; এবং

(ড) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০২। অনুচ্ছেদ ১-এ উল্লিখিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৩ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নির্বাচিত প্রার্থীকে তার নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদান করতে ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চলমান পৃষ্ঠা-০২

**ওয়ার্কশপ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (সিভিল) বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজঃ**

| ক্র. নং | রেজিঃ নং | নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদের নাম | পদায়নকৃত প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | ০০০০৬৯ | জনাব তানজিলা আক্তার তারিন<br>পিতা- মোঃ মহসিন আলম<br>মাতা- শাহানারা বেগম চায়না | গ্রাম/শহর: রুপাতলী,<br>ডাকঘর: রুপাতলী হাউজিং,<br>উপজেলা: বরিশাল সদর,<br>জেলা: বরিশাল | ওয়ার্কশপ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (সিভিল)<br>৯ম গ্রেড | বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল। |

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৪/৪/২৩

(রহিমা আক্তার)
উপসচিব
ফোনঃ ০২-৫৫১০১০৮৯
ই-মেইলঃ sastec1@tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.১১.০০১.২২-৭৫

তারিখ: ২১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়ির সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলা-নগর, আগারগাঁও, ঢাকা
০৪। অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৫। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [প্রার্থীর যোগদানের তথ্য এ বিভাগের প্রেরণের অনুরোধসহ]
০৬। যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৭। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]
০৮। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য]
০৯। উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
১০। চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
১১। সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১২। অধ্যক্ষ, বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল
১৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
১৪। জনাব..........................................................................................................
১৫। অফিস কপি।

৪/৪/২৩

(রহিমা আক্তার)
উপসচিব
ফোনঃ ০২-৫৫১০১০৮৯
ই-মেইলঃ sastec1@tmed.gov.bd